

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৩/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আবদুল আলীম

সিনিয়র প্রতিবেদক

অপরাধ বিচিত্রা, মডার্ন ম্যানসন

৫৩ মতিঝিল বা/এ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব কে এ এম মাজেদুর রহমান

ব্যবস্থাপনা পরিচালক

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

প্রিমিয়ার ব্যাংক হেড অফিস

বনানী, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৯-০৬-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আবদুল আলীম ১৯-০২-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রিমিয়ার ব্যাংক, হেড অফিসের ব্যবস্থাপনা পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব কে এ এম মাজেদুর রহমান বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- মেসার্স রুমী এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী মোঃ খলিলুর রহমানের হিসাব নং ০১১৯১৩১০০০০০৮৭৯ হতে বিভিন্ন সময়ে ৩৮৮ টি চেকের মাধ্যমে ১৩৩ কোটি ৯৫ লাখ ৪৫ হাজার ৩২৭ টাকা তুলে আত্মসাৎ করার অভিযোগ রয়েছে প্রিমিয়ার ব্যাংকের বিরুদ্ধে। অপর দিকে মোঃ খলিলুর রহমানের বিরুদ্ধে খেলাপী গ্রাহক হিসেবে ব্যাংক তার কাছে ২০ কোটি টাকা পায় বলে জানা গেছে। তার বিরুদ্ধে অর্থক্ষণ আদালতে একাধিক মামলাও রয়েছে বলে জানা গেছে।

বর্ণিত ব্যাপারে সঠিক তথ্য ও তার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহের অনুরোধ করা যাচ্ছে।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৩-০৩-২০১৪ তারিখে প্রিমিয়ার ব্যাংক, হেড অফিসের চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৮-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৯-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আবদুল আলীম ও প্রতিপক্ষ প্রিমিয়ার ব্যাংক হেড অফিসের ব্যবস্থাপনা পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে 'ল' অফিসার জনাব মোঃ শাহরিয়ার কামাল চৌধুরী হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ: পূ: দ্র:)

০৫। প্রিমিয়ার ব্যাংক হেড অফিসের ব্যবস্থাপনা পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে 'ল' অফিসার উল্লেখ করেন যে, অভিযোগকারীর যাচিত তথ্যের বিষয়ে উচ্চ আদালতে মামলা বিচারাধীন থাকায় তথ্য প্রদান করা সম্ভব হয়নি।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও প্রতিপক্ষ উভয়ের বক্তব্য শ্রবনান্তে ও দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর যাচিত তথ্যের বিষয়ে উচ্চ আদালতে মামলা বিচারাধীন রয়েছে। যেহেতু, বিষয়টি উচ্চ আদালতে বিচারাধীন, যেহেতু, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭(ট) ধারা অনুযায়ী বিষয়টি Sub-judice, সেহেতু, এ বিষয়ে কমিশনের কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করা আইনগতভাবে সমীচীন হবে না বলে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগের বিষয়টি আদালত বিচারাধীন এবং Sub-judice, সেহেতু, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭(ট) ধারা অনুযায়ী আদালতে বিচারাধীন বিষয়ে কমিশন কর্তৃক কোনরূপ সিদ্ধান্ত প্রদান করা সমীচীন হবে না বলে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেন।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার